রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

ঢাকা: ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/ ০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.৬৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'হজ ব্যবস্থাপনা সংক্রান্ত নির্বাহী কমিটি' নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী/প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| (৫) | সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য |



মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| (১০) | সচিব, সুরক্ষা সেবা বিভাগ | : | সদস্য |
| (১১) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (১২) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৩) | পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ | : | সদস্য |
| (১৪) | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য |
| (১৫) | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| (১৬) | চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | : | সদস্য |
| (১৭) | অনুবিভাগ প্রধান (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৮) | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | : | সদস্য |
| (১৯) | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | : | সদস্য |
| (২০) | ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. | : | সদস্য |
| (২১) | মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | : | সদস্য |
| (২২) | পরিচালক, হজ অফিস, ঢাকা | : | সদস্য |
| (২৩) | সভাপতি, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) | : | সদস্য |
| (২৪) | মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) | : | সদস্য |
| (২৫) | হজ অনুবিভাগ প্রধান, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য-সচিব |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি:**

(১) সুষ্ঠু হজ ব্যবস্থাপনার লক্ষ্যে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন;

(২) হজ প্যাকেজ অনুমোদন;

(৩) জাতীয় কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিতকরণ; এবং

(৪) বিধি দ্বারা নির্ধারিত অন্য কোনো কার্য।

(গ) কমিটি প্রয়োজনে যে কোনো সময় সভা আহবান করতে পারবে;

(ঘ) সভাপতি কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন, তবে প্রয়োজনে তদ্কর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করতে পারবেন;

(ঙ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

(চ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(জ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২০ এপ্রিল ২০২২ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২০.৮৬ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

(২) এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(বেবী পারভীন)
যুগ্মসচিব
ফোন: ০২২২৩৩৯০৯৬৩
Email: js_economic@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd